গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০ ০০০.০৪০.৩৭.১৩.২২-১৩৪ তারিখ: ২৩-০৭-২০২৬ খ্রি.

**বিষয়ঃ টেকাব (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের আওতায় ভ্রাম্যমাণ কম্পিউটার ভ্যানে সেপ্টেম্বর-অক্টোবর, ২০২৬ দুইমাস মেয়াদী কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্রঃ যুব উন্নয়ন অধিদপ্তর পত্র নং ৩৪.০১.০০০০.০৪০.৩৭.১৩.২০২২-২৫, তারিখঃ ১০.০৪.২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব ২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের আওতায় ভ্রাম্যমাণ আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে উপজেলা পর্যায়ে দুই মাস মেয়াদী কম্পিউটার ও নেটওয়ার্কিং বিষয়ে সূত্রোক্ত পত্রের (কপি সংযুক্ত) নির্দেশনা অনুসরণপূর্বক প্রশিক্ষণ কোর্সটি আগামী সেপ্টেম্বর ও অক্টোবর, ২০২৬ (দুই) মাসে নিম্নোক্ত ছকে বর্ণিত নির্বাচিত ১৪টি উপজেলা/ভেন্যুতে বাস্তবায়িত হবে।

| ক্রমিক নং | বিভাগের নাম | জেলার নাম | আইসিটি ট্রেনিং ভ্যান (মিনি বাস) রেজিঃ নম্বরসমূহ | সেপ্টেম্বর - অক্টোবর ২০২৬ মাসের জন্য নির্বাচিত প্রশিক্ষণ ভেন্যু/উপজেলা) |
|---|---|---|---|---|
| ০১ | ঢাকা | নরসিংদী | ঢাকা-মেট্রো-ঝ-১১-০৭৭৮ | রায়পুরা |
| ০২ | ঢাকা | মানিকগঞ্জ | ঢাকা-মেট্রো-ঝ-১১-০৭৮১ | সিংগাইর |
| ০৩ | ময়মনসিংহ | ময়মনসিংহ | ঢাকা-মেট্রো-ঝ-১১-০৭৭৯ | নান্দাইল |
| ০৪ | চট্টগ্রাম | রাঙ্গামাটি | ঢাকা-মেট্রো-ঝ-১১-১৪৯৭ | রাজস্থলী |
| ০৫ | চট্টগ্রাম | খাগড়াছড়ি | ঢাকা-মেট্রো-ঝ-১৪-০১০৫ | মাটিরাঙ্গা |
| ০৬ | চট্টগ্রাম | নোয়াখালী | ঢাকা-মেট্রো-ঝ-১১-১৪৯৫ | বেগমগঞ্জ |
| ০৭ | রাজশাহী | নাটোর | ঢাকা-মেট্রো-ঝ-১১-১৪৯৪ | বড়াইগ্রাম |
| ০৮ | রাজশাহী | নওগাঁ | ঢাকা-মেট্রো-ঝ-১১-১৪৯৩ | মান্দা |
| ০৯ | খুলনা | খুলনা | ঢাকা-মেট্রো-ঝ-১১-০৭৮০ | বটিয়াঘাটা |
| ১০ | বরিশাল | বরিশাল | ঢাকা-মেট্রো-ঝ-১১-১৪৯৬ | উজিরপুর |
| ১১ | বরিশাল | বরগুনা | ঢাকা-মেট্রো-ঝ-১১-০৭৮২ | বেতাগি |
| ১২ | সিলেট | সিলেট | ঢাকা-মেট্রো-ঝ-১১-০৭৭৭ | বালাগঞ্জ |
| ১৩ | রংপুর | কুড়িগ্রাম | ঢাকা-মেট্রো-ঝ-১১-১৪৯১ | রৌমারী |
| ১৪ | রংপুর | গাইবান্ধা | ঢাকা-মেট্রো-ঝ-১১-১৪৯২ | সাদুল্লাপুর |

২। অনুমোদিত কোর্স কারিকুলাম অনুযায়ী সেপ্টেম্বর-অক্টোবর ২০২৬ মেয়াদে সরকারি ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন সমন্বয় করে ২ মাসে অবশ্যই ন্যূনতম ৪৪ টি কার্যদিবসে (সংযুক্ত রুটিন অনুযায়ী) প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।

৩। আইসিটি ট্রেনিং ভ্যানে নিয়োজিত জনবল সংশ্লিষ্ট ভেন্যু অর্থাৎ উপজেলা সদরে অবস্থান করবে। উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রশিক্ষক, সহকারী প্রশিক্ষক, গাড়িচালক ও ক্লিনারদের প্রশিক্ষণকালীন আবাসনের ব্যবস্থা করতে হবে। আইসিটি ট্রেনিং ভ্যানটি একটি সুবিধাজনক স্থানে (যেখানে বৈদ্যুতিক সংযোগ পাওয়া সহজ হবে) এবং নিরাপত্তা বেষ্টনীর মধ্যে রেখে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। রাত্রিকালীন এবং ছুটির দিনে গাড়িটি নিরাপদ স্থানে (সংশ্লিষ্ট থানা চত্বরে রাখা প্রত্যাশিত) রাখার ব্যবস্থা করতে হবে।

৪। নির্বাচিত প্রশিক্ষণার্থীদের শিক্ষাগত সনদ ও জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন যাচাই করে চূড়ান্ত তালিকা নির্ধারিত ছকে (কপি সংযুক্ত) **প্রশিক্ষণ শুরুর ৭ (সাত) দিনের মধ্যে MS Word ও PDF File এ প্রকল্পের ই-মেইলে (pdtecuybp2@gmail.com) প্রেরণ করতে হবে** এবং প্রশিক্ষণার্থীদের তথ্য সংযুক্ত ছক মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের রেজিষ্টারে লিপিবদ্ধ করতঃ সংরক্ষণ করতে হবে। **প্রশিক্ষণ সমাপ্তির ন্যূনতম ১৫ (পনের) দিন পূর্বে যথাযথভাবে পূরণকৃত প্রশিক্ষণ সনদ (যা যথাসময়ে সরবরাহ করা হবে) স্বাক্ষরের জন্য প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করতে হবে। যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের কম্পিউটার প্রশিক্ষকগণ দ্বারা কোর্সের সমাপ্তি মূল্যায়ন পরীক্ষা আয়োজন করতে হবে। মূল্যায়নের ভিত্তিতে প্রশিক্ষণার্থীদের প্রাপ্ত গ্রেড সনদপত্রে যথাযথভাবে উল্লেখ করতে হবে।**

৫। সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার অনুকূলে প্রকল্প দপ্তর কর্তৃক বরাদ্দকৃত অর্থ হতে আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক প্রশিক্ষণের ব্যয় নির্বাহ করবেন। প্রশিক্ষণ সমাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আর্থিক ব্যয় রিপোর্ট সংশ্লিষ্ট উপপরিচালকের মাধ্যমে প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে। রিপোর্টের সাথে প্রেরিত খাতভিত্তিক বিল-ভাউচারসমূহ সংশ্লিষ্ট উপপরিচালক/সহকারী পরিচালক কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে। প্রশিক্ষণার্থীর জন্য ডিপিপিতে সংস্থানকৃত ভাতা ক্যাশ প্রদান না করে প্রশিক্ষণার্থীদের স্ব স্ব ব্যাংক একাউন্টের মাধ্যমে প্রেরণ নিশ্চিত করতে হবে।

CamScanner

৬। প্রত্যেক প্রশিক্ষণ ভ্যানে দুটি হাজিরা বহি সংরক্ষণ করতে হবে। একটি প্রশিক্ষণার্থীদের জন্য এবং অপরটি প্রকল্পের জনবলের জন্য (বাৎসরিক)। সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নিয়োজিত জনবলের বেতন পরিশোধের সুবিধার্থে তাদের হাজিরার কপিসহ সংযুক্ত নমুনা প্রত্যয়নপত্রের আলোকে উপস্থিতির প্রত্যয়নপত্র চলমান মাসের ২৭ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক বরাবর ই-মেইলে (pdtecuybp2@gmail.com)] প্রেরণ নিশ্চিত করবেন।

৭। বর্ণিতাবস্থায়, সূত্রোক্ত পত্রের আলোকে সংশ্লিষ্ট উপজেলায় ২০২৬-২০২৭ অর্থবছরের আগামী সেপ্টেম্বর-অক্টোবর ২০২৬ পর্যন্ত দুই মাসব্যাপী "কম্পিউটার ও নেটওয়ার্কিং" বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত স্থানীয়ভাবে প্রচারের জন্য মাইকিং, ভর্তি বিজ্ঞপ্তি প্রদান এবং প্রশিক্ষণার্থী বাছাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ বর্ণনামতে ৫ (পাঁচ) পাতা।

(মোহাম্মদ হুমায়ুন কবির)
(উপসচিব)
পরিচালক (পরিকল্পনা)
ও
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
টেকাব (২য় পর্যায়) প্রকল্প,
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোন ০২-২২৩৩৮০৭৬১।

প্রাপকঃ
০১। উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
নরসিংদী/মানিকগঞ্জ/ময়মনসিংহ/নোয়াখালী/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/নাটোর/নওগাঁ/খুলনা/বরিশাল/বরগুনা/সিলেট/কুড়িগ্রাম/গাইবান্ধা।
০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট)।
---------------------উপজেলা, ----------------------জেলা।

স্মারক নং-৩৪.০১.০ ০০০.০৪০.৩৭.১৩.২২-১৩৪

তারিখ: ২৩-০৭-২০২৬ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল ঃ**
০১। যুগ্মসচিব, (পরি-০৩), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক --------------------------------- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, নরসিংদী/মানিকগঞ্জ/ময়মনসিংহ/নোয়াখালী/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/নাটোর/নওগাঁ/খুলনা/বরিশাল/বরগুনা/সিলেট/কুড়িগ্রাম/গাইবান্ধা।
০৪। পুলিশ সুপার, নরসিংদী/মানিকগঞ্জ/ময়মনসিংহ/নোয়াখালী/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/নাটোর/নওগাঁ/খুলনা/বরিশাল/বরগুনা/সিলেট/কুড়িগ্রাম/গাইবান্ধা।
০৫। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ----------------- উপজেলা -------------- জেলা।
০৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
০৯। প্রোগ্রামার আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা, পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
১০। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, -----------------উপজেলা----------------জেলা।
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ----------------- উপজেলা -------------- জেলা (ভ্রাম্যমাণ আইসিটি ট্রেনিং ভ্যানের নিরাপত্তার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

(মোঃ হাফিনুর রহমান তালুকদার)
সহকারী প্রকল্প পরিচালক
টেকাব (২য় পর্যায়) প্রকল্প,
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

CS CamScanner